



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**14 AUGUST 2024**

**7:35 AM IST**

=====

=====

রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু দেশের ৭৮তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যা আজ রাত সাতটায় জাতীয় উদ্দেশ্যে ভাষন দেবেন।  
রাষ্ট্রপতির এই ভাষন আকাশবানী ও দুরদর্শনের সবকটি নেটওয়ার্ক থেকে প্রথমে হিন্দী ও পরে ইংরেজীতে সম্প্রচার করা হবে।  
রাষ্ট্রপতির ভাষনের বাংলা অনুবাদ আমাদের কেন্দ্র থেকে রাত সাড়ে নটায় সম্প্রচার করা হবে।

এদিকে রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মুর জাতীয় উদ্দেশ্যে প্রদত্ত ভাষনের জন্য আজ আমাদের সাম্প্রকালীন আঞ্চলিক সংবাদ রাত সাতটা  
৪৫ মিনিটের পরিবর্তে রাত ৮টা ১৫ মিনিটে প্রচার করা হবে।

---

রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে ৭৮ তম  
স্বাধীনতা দিবসে আগামীকাল রাজ্যের মৃখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা গৌহাটিতে আয়োজিত  
রাজ্যস্তরের কেন্দ্রীয় অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবেন। এছাড়া রাজ্য মন্ত্রীসভার  
সদস্য রঞ্জিত কুমার দাস বঙ্গাইগাওয়ে, অতুল বরা নগাওয়ে, কেশব মহন্ত হজাইয়ে এবং ডঃ  
রণেজ পেগু লখীম্পুরে জাতীয় পতাকা উত্তোলন করবেন।

এদিকে রাজ্যের শক্তিমন্ত্রী নন্দিতা গারলোসা শিলচরে জাতীয় পতাকা উত্তোলন করবেন বলে  
জানানো হয়েছে।

---

হৃষির তেরঙা অভিযানের অধীনে কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচর গান্ধীভবনে সন্ধ্যা সাতটায় একটি সঙ্গীত চক্রের  
আয়োজন করা হয়েছে। সঙ্গীত চক্রে দেশের স্বাধীনতা সংগ্রামে অবদান রাখা সেনানী ও তাদের পরিবারের সদস্যদের সংবর্ধনা  
জানানো হবে।

এদিকে গতকাল জেলা প্রশাসনের পক্ষ থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে। শোভাযাত্রাটি জেলা আয়ুক্তের কার্য্যালয় প্রাঙ্গন থেকে বের হয়ে গান্ধীবাগে এসে শেষ হয়। শোভাযাত্রায় বিধায়ক দীপায়ন চতুর্বর্তী, জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা, পুলিশ সুপার নোমাল মাহাতো প্রমুখ উপস্থিত ছিলেন।

---

করিমগঞ্জ জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল এক তেরঙা যাত্রা শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে। জেলা আয়ুক্ত মণ্ডল যাদব ও পুলিশ সুপার পার্থ প্রতিম দাস পতাকা নেড়ে এই তেরঙা যাত্রার সূচনা করেন। তেরঙা যাত্রায় বিভিন্ন বিভাগের আধিকারীক কর্মচারী, সুরক্ষা বাহিনীর জওয়ান সহ শিক্ষক ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করেন। এদিকে আজ সকালে জেলা আয়ুক্তের কার্য্যালয় প্রাঙ্গন থেকে একটি তেরঙা দোড়, বিকেল তিনটেয় বাইক র্যালির আয়োজন করা হয়েছে।

---

শিলচরের প্রগতিশীল নাগরিক সমন্বয় মধ্যের উদ্যোগে শিলচর শহরের সড়কের পূর্ণ সংস্কার, জমাজলের সমস্যার সমাধান, বর্ধিত জলকর, পৌরকর, ট্রেড লাইসেন্স ফি বৃদ্ধির প্রতিবাদ জানিয়ে গতকাল ন্যাশনেল হাইওয়ে পয়েন্টের চিত্তরঞ্জনের মূর্তি লাগোয়া স্থানে বিক্ষেপ কার্য্যসূচী পালন করা হয়। বিক্ষেপ কার্য্যসূচীতে শিলচর শহরের প্রধান সড়কের অবিলম্বে সংস্কার এবং লঙ্ঘাইথালের আর্বজনা পরিষ্কারের দাবী জানিয়ে প্রাক্তন পৌর কমিশনার সাধন পুরকায়স্ত, মধুসূদন কর, আশু পাল প্রমুখ বক্তব্য রাখেন।

---

শিলচর পৌর এলাকার বৃদ্ধভাতা, বিধবাভাতা ও বিকলাঙ্গ ভাতার হিতাধিকারীদের অবগতির জন্য জানানো হয়েছে যে তাদেরকে আগামী ২৫শে আগস্টের মধ্যে আধার কার্ডের ফোটো কপি আধার সেন্টিং-এর জন্য শিলচর পৌরসভার কার্য্যালয়ে জমা দিতে হবে। কোনো হিতাধিকারীর মৃত্যু হয়ে গেলে তাহাদের পরিবার পরিজনদের কাছে সেসকল হিতাধিকারীগণদের মৃত্যুর প্রমান পত্র জমা দেওয়ার অনুরোধ করা হয়েছে।

---

শিলচর পৌর এলাকার বৃদ্ধভাতা, বিধবাভাতা ও বিকলাঙ্গ ভাতার হিতাধিকারীদের অবগতির জন্য জানানো হয়েছে যে তাদেরকে আগামী ২৫শে আগস্টের মধ্যে আধার কার্ডের ফোটো কপি আধার সেন্টিং-এর জন্য শিলচর পৌরসভার কার্য্যালয়ে জমা দিতে হবে। কোনো হিতাধিকারীর মৃত্যু হয়ে গেলে তাহাদের পরিবার পরিজনদের কাছে সেসকল হিতাধিকারীগণদের মৃত্যুর প্রমান পত্র জমা দেওয়ার অনুরোধ করা হয়েছে।

---

করিমগঞ্জ পূর্ত বিভাগের জাতীয় সড়ক ডিভিশনের সড়ক শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে করিমগঞ্জ শহরের পুলিশ পয়েন্ট থেকে বাবা হোটেল পর্যন্ত ৪৪ নম্বর জাতীয় সড়কের পাশে বিভিন্ন অস্থাবর নির্মান সামগ্রী, ইট, বালু, পাথর মজুত

করে রাখার ফলে যানবাহন ও জনগনের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে এবং দুর্ঘটনা সংগঠিত হচ্ছে বলে জানিয়েছেন। বিজ্ঞপ্তিতে নির্মান সামগ্রীর মালিকদের জাতীয় সড়কের পাশে থাকা সামগ্রী অবিলম্বে সরিয়ে নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

---

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ডিমা কালার হাওয়ার এফ সি ভবানীপুর এফ সি-র মুখোমুখি হবে।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় দর্মিখাল ডিমা ইয়ুথ ক্লাব ৪-২ গোলের ব্যবধানে বাম জুনিয়র ইসলামাবাদ মাকেট এফ সি দলকে পরাজিত করে।

---

পালংঘাটের মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জি স্মৃতি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় পুনিরমুখ এনস্টল ক্লাব খেলবে জিরিঘাট আনন্দময়ী ক্লাবের বিরুদ্ধে।

পালংঘাটের চৈতন্য চরন জগৎচন্দ্র বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় ডেপলিপার এফ সি ১০-০ গোলের ব্যবধানে হায়দর বাজার এফ সি-কে পরাজিত করে।

---

---